মিথ্যা ও হয়রানিমূলক মামলার প্রতিবাদে কোটচাঁদপুরে মানববন্ধন

মিথ্যা ও হয়রানিমূলক মামলার প্রতিবাদে কোটচাঁদপুরের এড়ান্দাহ গ্রামে মানববন্ধন করেছেন ভুক্তভোগীরা। শুক্রবার বিকেলে এ মানববন্ধন করেন তারা।

জানা যায়, কোটচাঁদপুরের এড়ান্দা গ্রামের আছিয়া খাতুন। তিনি বীর শ্রেষ্ট হামিদুর রহমানের বোন। এর প্রভাব খাটিয়ে এলাকার মানুষকে বিভিন্ন ভাবে মারপিট ও হয়রানি করে আসছে। সম্প্রতি তিনি বাদি হয়ে ওই গ্রামের গণমাধ্যম কর্মী শামীম হোসেন সহ কয়েক জনের নামে আদালতে মামলা করেছেন। এ মামলার প্রতিবাদে গতকাল শুক্রবার বিকেলে কোটচাঁদপুরের এড়ান্দা গ্রামবাসী মানববন্ধন করেন।

মানববন্ধনে বক্তব্য রাখেন, গণমাধ্যম কর্মী শামীম হোসেন, মুহিদুল ইসলাম,সাবিনা খাতুন সহ আরো অনেকে। তারা বলেন,বীর শ্রেষ্ট হামিদুর রহমানের বোন আছিয়া খাতুন আর ভাগ্নে বকুল হোসেন। এ দাপটে তারা আমাদের কে বিভিন্ন সময় শারীরিক ও মানুষিক ভাবে হয়রানি করে আসছে।

সম্প্রতি তারা আদালতে মিথ্যা মামলা করেছেন আমাদের নামে। যার সঙ্গে আমরা কেউ জড়িত নই। এরপরও এ ধরনে মিথ্যা মামলা দিয়ে আমাদেরকে হয়রানি করছেন।

মানববন্ধন থেকে ভুক্তভোগীরা অবিলম্বে এ ধরনে মিথ্যা মামলা প্রত্যাহারের দাবি জানিয়েছেন।

ঝিনাইদহ-১ আসনের সাবেক এমপি

নায়েব আলী ৪ দিনের রিমান্ডে

ঝিনাইদহ-১ আসনের সাবেক সংসদ সদস্য নায়েব আলী জোয়ার্দারকে দুটি মামলায় চারদিন করে রিমান্ড মিঞ্জুর করেছে আদালত।

আজ শুক্রবার (১৩ সেপ্টেম্বর) সকাল সাড়ে ১০টার দিকে সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে তাকে হাজির করা হয়। সেসময় আদালতের বিচারক রুমানা আফরোজ এ রিমান্ড মঞ্জুর করেন।

এর আগে গতকাল বৃহস্পতিবার মধ্যরাতে শহরের আরাপপুর জামতলা এলাকায় নিজ বাড়ি থেকে গোপন সংবাদের ভিত্তিতে র্যাব এবং সেনাবাহিনীর সদস্যরা অভিযান চালিয়ে তাকে গ্রেপ্ত্◌ার করে এবং। রাতেই তাকে সদর থানায় হস্তান্তর করা হয়।

র্যাব-৬ ঝিনাইদহ ক্যাম্পের কমান্ডার মেজর নাঈম আহমেদ জানান, জেলা বিএনপির দলীয় কার্য্যালয় ও দলের সভাপতির বাড়িতে অগ্নিসংযোগের ঘটনায় ১৯ ও ২৪ আগস্ট সদর থানায় দুটি নাশকতার মামলা হয়। সেই মামলায় এক নম্বর আসামি নায়েব আলী জোয়ারদার।

ঝিনাইদহ সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শাহীন উদ্দিন জানান, আমরা সকালে সাবেক সংসদ সদস্য নায়েব আলী জোয়ারদারকে আদালতে হাজির করে ১০ দিনের রিমান্ড চেয়েছিলাম। কিন্তু আদালত দুই মামলায় চারদিন করে রিমান্ড মঞ্জুর করেন। তবে পৃথকভাবে চারদিনের পরিবর্তে একই সঙ্গে চারদিন জিজ্ঞাসাবাদ চলবে।

ঝিনাইদহে বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের মতবিনিময় সভা অনুষ্ঠিত

গণ অভ্যুত্থানের প্রেরণায় শহীদ পরিবারের সাথে সাক্ষাৎ এবং দুর্নীতি, চাঁদাবজি ও সন্ত্রাসের বিরুদ্ধে ছাত্র-নাগরিক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। ঝিনাইদহ জেলা বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলন

এ মতবিনিময় সভার আয়োজন করে।

আজ বৃহস্পতিবার বিকালে শহরের ওয়াজির আলী স্কুল এন্ড কলেজ মাঠে এ সভা অনুষ্টিত হয়।

এ মতবিনিময় সভায় কেন্দ্রীয় সমন্বয়কদের মধ্যে উপস্থিত ছিলেন ঢাবি’র ওয়াহিদুজ্জামান, আকরাম হুসাইন রাজ. আশরেফা খাতুন, জবি’র আবু বকর খান , ঢাবি’র সরদার নাদিম মাহমুদ শুভ, বদরুনেচ্ছা কলেজের জান্নাত এছাড়াও খুবি’র বিশ্বজিৎ দত্ত, ঢাকা কলেজের মউনুল ইসলাম ছাড়াও তৌহিদুল ইসলাম শুভ, বাবু খান, রাব্বি, অফ্রিদি প্রমূখ।

এসময় সমন্বয়ক আশরেফা খাতুন ছাত্র জনতার বিভিন্ন প্রশ্নের উত্তর দেন। এছাড়া ঝিনাইদহ জেলা বৈষম্যবিরাধী ছাত্র আন্দেলনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেণ।

ঝিনাইদহে নিহত ৪ ছাত্রশিবির কর্মীদের স্মরণে সড়কের নামকরণ

বিচার বহির্ভুতসহ হামলায় নিহত ছাত্র শিবিরের নেতাকর্মীদের স্মরণে ঝিনাইদহের কালীগঞ্জে সড়কের নামকরণ করা হয়েছে।

গতকাল বুধবার বিকেলে উপজেলা শহরের বিভিন্ন এলাকায় নিহতের নামে নামফলকের উদ্বোধন করা হয়। সেসময় জেলা ছাত্র শিবিরের সভাপতি মনিরুজ্জামান মিঠু, উপজেলা জামায়াতের নায়েবে আমির আবু তালিবসহ নিহতদের পরিবারের সদস্যরা উপস্থিত ছিলেন।

শুরুতে কালীগঞ্জ গান্না সড়কের চাপালি সড়কে শিবির কর্মী আবু জর গিফারীর স্মরণে সড়কের নামকরণ করা হয়। পরে উপজেলার বিভিন্ন সড়কে শিবিরকর্মী আসলাম হোসাইন, শামীম মাহমুদ, মহিউদ্দিন সোহানের নামে সড়কের নামকরণ করা হয়। সড়কের নাম ফলক উদ্বোধন শেষে তাদের রুহের মাগফেরাত কামনায় দোয়া করা হয়।

১৯৮৮ সালে রাজশাহী বিশ্ববিদ্যালয়ে শিবির কর্মী আসলাম হোসেন, ২০১৬ সালে আবুজর গিফারী, শামীম মাহমুদ ও মহিউদ্দিন সোহাগকে

হত্যা করা হয়।

ঝিনাইদহের মহেশপুরে গণ পিটুনিতে গরু চোর নিহত

ঝিনাইদহের মহেশপুরে গণ পিটুনিতে রাশেদ শেখ (৩৭) নামের এক গরু চোর নিহত হয়েছে এসময় আরও ২জন আহত হয়েছে। নিহত রাশেদ শেখ ভালাইপুর গ্রামের মিঠু শেখের ছেলে। এছাড়া গণপিটুনিতে আহত হয়েছে নিহত রাশেদের ছোট ভাই রাজদুল শেখ ও চাচা বজলুর রহমান বটা। তারা এখন পুলিশ প্রহরায় মহেশপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসাধীন রয়েছে।

আজ বৃহস্পতিবার (১২ সেপ্টেম্বর) রাত ৪টার দিকে ভালাইপুর গ্রামের বিশ্বাস পাড়ায় রাজ্জাকের বাড়িতে গরু চুরি করতে গিয়ে জনতার হাতে আটক হয় তারা। এসময় চোর শরিফুল ইসলাম পালিয়ে যায়। চোরের ছুরিকাঘাতে তৌহিদুল খা নামে এক ব্যক্তি জখম হয়। সে সময় বিক্ষুদ্ধ জনতা তিনজনকে আটক করে গ্রামের প্রাথমিক বিদ্যালয় মাঠে নিয়ে আসে। সেখানে উপস্থিত জনতা গণপিটুনি দেয়। এতে ঘটনাস্থলেই রাশেদ শেখ মারা যায়। খবর পেয়ে বেলা সাড়ে ১১ টার দিকে পুলিশ ও সেনাবাহীনীর একটি দল তাদের উদ্ধার করে মহেশপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসে।

স্থানীয়রা বলছেন, হতাহত চোররা পারিবারিকভাবে দির্ঘদিন ধরে চুরির সাথে জড়িত। এর আগেও বটা চোরের পিতা আনসার শেখ ও তার ভাই হাকিম শেখকে গরু চোরের দায়ে পিটিয়ে আহত করে স্থানীয়রা।
এছাড়া আটক বজলুর রহমান বটা দীর্ঘদিন যাবত মহেশপুর উপজেলার গরু চোর সিন্ডিকেটের প্রধান হিসাবে পরিচিত রয়েছে তার।

মহেশপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মাহবুবুর রহমান জানান, গরু চুরি করতে গিয়ে জনতার হাতে আটক তিন চোর গণ পিটুনির স্বীকার হয়। পিটুনিতে তিনজনের মধ্যে রাশেদ শেখ নামে একজন মারা গেছে। খবর পেয়ে তাদের উদ্ধার করে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়।

ঝিনাইদহের সরকারি বঙ্গবন্ধু মেমোরিয়াল কলেজের অধ্যক্ষের পদত্যাগের দাবিতে মানববন্ধন

ঝিনাইদহের শৈলকুপায় সরকারি বঙ্গবন্ধু মেমোরিয়াল কলেজের অধ্যক্ষ আ কা ম মামুনুর রহমানের বিরুদ্ধে অর্থ আত্মসাত সহ নানা অনিয়মের অভিযোগে প্রতিষ্ঠানের শিক্ষক, ছাত্র-ছাত্রী কর্মকর্তা, কর্মচারী মিলে মানববন্ধন পালন করেন।

মানববন্ধনে অংগ্রহণকারী বলেন, তিনি অধ্যক্ষ হিসাবে নিয়োগ পাওয়ার শুরু থেকেই নানা অনিয়ম ও দুর্নীতি নামক ব্যাধিতে মারাত্মকভাবে জড়িয়ে পড়েন। কলেজটি জাতীয়করণ ঘোষণা হওয়ার সাথে সাথে তিনি আরো বেপরোয়া হয়ে ওঠেন। শুধু তাই নয় তার নিজের নিয়োগের ক্ষেত্রেও অনিয়মের প্রশ্ন উঠেছে।

খোঁজ নিয়ে জানা যায়, উপজেলার ভাটই বাজার এলাকায় কুষ্টিয়া-খুলনা মহাসড়কের পাশেই কলেজটির অবস্থান। অধ্যক্ষ মামুনুর রহমান প্রায়ই কলেজে অনুপস্থিত থাকেন। তিনি তার ইচ্ছামত উপস্থিত হয়ে বিগত দিনের হাজিরা খাতায় স্বাক্ষর করেন।

বিগত দিনে ক্ষমতাসীন দলের ছত্রছায়ায় তিনি শিক্ষক, কর্মকর্তা, কর্মচারিদের দীর্ঘদিন জিম্মি করে রাখায় এতো অনিয়মের পরেও ভয়ে তার বিরুদ্ধে কেউ মুখ খুলতে সাহস পর্যন্ত করেনি। বর্তমান ক্ষমতার পট পরিবর্তনের সাথে সাথে রূপ পরিবর্তন করে স্থানীয় দলের নেতাদের সাথে আতাত করে নতুন বুদ্ধি আটছেন। এদিকে তার শিক্ষাগত যোগ্যতায় এইচএসসি কম্পার্টমেন্টাল-১৯৮৯, আবার পাস কোর্স থেকে পাস। নিয়োগ বিধিতে আছে, যদি কেউ পাস কোর্স থেকে পাস করে তাহলে যে কোন একটিতে ১ম শ্রেনি থাকা বাধ্যতামূলক। কিন্তু তার শিক্ষা জীবনে কোন ১ম শ্রেণী না থাকলেও অধ্যক্ষ হিসাবে নিয়োগ পান। এত নিয়মনীতি উপেক্ষা করে কিভাবে নিয়োগ পেল তা নিয়েও কথা উঠেছে।

আরো জানা যায়,কলেজটি ২০২৪ সালের জানুয়ারীতে জাতীয়করণ হয়। এরপর ব্যাকডেটে নিয়োগের মহাৎসোব শুরু হয়ে যায়। ব্যাকডেটে বিভিন্ন

সময়ে ২৯ জনকে নিয়োগ দেওয়া হয়। ভূয়া সার্কুলারের মাধ্যমে ২০১৯ সালে মৃত ও অন্যত্র চলে যাওয়া ডিগ্রী শিক্ষকের পদে ২০১৫ ও ২০১৮ সালে অবৈধভাবে ব্যাকডেটে নিয়োগ দিয়ে মোটা অংকের টাকা হাতিয়ে নিয়েছেন। এছাড়াও ওই কলেজের অনার্স সমাজ বিজ্ঞান বিভাগের প্রভাষক নাসিমা খাতুনের স্বপদ থেকে সরিয়ে তাকে অফিস সহকারীতে নিয়োগ দিয়ে উক্ত পদে হাফিজুর রহমানকে ব্যাকডেটে নিয়োগ দিয়ে ২২ লক্ষ টাকা হাতিয়ে নেয়। শুধু হাফিজুর রহমানই নন অনার্সে এমন অনেক শিক্ষক নিয়োগ দিয়ে হাতিয়ে নিয়েছেন লক্ষ লক্ষ টাকা। এছাড়াও সাবেক সভাপতির (আব্দুল হাই এমপি) স্বাক্ষর জাল করে অধ্যক্ষ টিউশন ফিসের ১২ লক্ষ টাকা চেকের মাধ্যমে ব্যাংক থেকে আত্মসাৎ করেন। করোনাকালীন সময়ে সরকার থেকে ফেরতকৃত এইচএসসি শিক্ষার্থীদের কেন্দ্র ফির ৪০০ জনের ৪০০ টাকা করে রেখে দিয়ে মোট ১ লক্ষ ৬০ হাজার টাকা আত্মসাৎ করেছেন। কলেজ জাতীয়করণের পরে ফান্ডের উপর নিষেধাজ্ঞা আরোপের পরও ৬০ হাজার টাকা ব্যাংক থেকে তুলে আত্মসাৎ করেছেন। বিভিন্ন সময়ে ব্যক্তিগত ধারের টাকা কলেজ ফান্ড থেকে পরিশোধ করেন।

নাম প্রকাশে অনিচ্ছুক একাধিক শিক্ষক বলেন, মূল কপির উপর টেম্পারিং করে সভাপতি ও ম্যানেজিং কমিটির সদস্যদের স্বাক্ষর জাল করে ২০২৩ সালে ২৯ জনকে অবৈধ নিয়োগ দিয়েছেন। ২২ আগস্ট ২০১৬ সালে দৈনিক খবর পত্র পত্রিকার ১৪ জন নিয়োগের সার্কুলারটি জাল করে একই ডেটে সোনালী খবর পত্রিকায় টেম্পারিং করে ১৯ জনকে নিয়োগ দেয়া হয়েছে। ১০ আগস্ট ২০১৭ সালে দৈনিক ইত্তেফাক পত্রিকার নিয়োগের সার্কুলারটি জাল করে একই ডেটে একই পত্রিকা টেম্পারিং করে ১২ জন শিক্ষক ও কর্মচারী নিয়োাগ দেয়া হয়েছে। ১০ আগস্ট ২০১৭ দৈনিক খবর পত্র পত্রিকার ১২ জন শিক্ষক নিয়োগের সার্কুলারটি জাল করে একই ডেটে সোনালী খবর পত্রিকা টেম্পারিং করে ৮ জন শিক্ষক ও ৪ জন কর্মচারী নিয়োগ দিয়েছে। ১০ জানুয়ারি ২০১৫ দৈনিক সমকাল পত্রিকায় বঙ্গবন্ধু মেমোরিয়াল ডিগ্রী কলেজের কোন সার্কুলার না থাকলেও তিনি ওই পত্রিকার টেম্পারিং করে ১১ জন শিক্ষক ও তৃতীয় শ্রেণির ৭ জনকে নিয়োগ দেন। যা মূল পত্রিকার সাথে কোন মিল নেই।

দৈনিক সোনালী খবর পত্রিকার ভুয়া সার্কুলার দেখিয়ে একজন কম্পিউটার অপারেটর একজন স্টোরকিপার একজন এমএলএসএস নিয়োগ দেওয়া হয়েছে। যার কোন সার্কুলারই নেই ঐ পত্রিকায়। এভাবে অবৈধ নিয়োগের মাধ্যম ২ থেকে ৩ কোটি টাকা নিয়োগ বাণিজ্য করে আত্মসাৎ করেছেন বলে অভিযোগ করেন প্রতিষ্ঠানের বিভিন্ন শিক্ষক, কর্মকর্তা,

কর্মচারী ও এলাকাবাসী। এবিষয়ে সরকারি বঙ্গবন্ধু মেমোরিয়াল কলেজে অধ্যক্ষ আ কা ম মামুনুর রহমান মুঠো ফোনে(০১৭১৮৬০৭৬৬২) একাধিকবার কল করেও পাওয়া যায়নি।

ঝিনাইদহে ১ হাজার ১২ বোতল ফেন্সিডিলসহ মাদক ব্যবসায়ী আটক

ঝিনাইদহের কালীগঞ্জ থেকে বিপুল পরিমাণ ফেন্সিডিলসহ বাদশা সোলায়মান (২৯) নামের এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে র্যাব-৬।

আজ বুধবার (১১ সেপ্টেম্বর) ভোররাতে উপজেলার কাঁঠালবাগান গ্রাম থেকে তাকে আটক করা হয়। আটককৃত বাদশা সোলায়মান ঐ উপজেলার কাঁঠালবাগান গ্রামের মৃত শাহাবুদ্দিনের ছেলে।

ঝিনাইদহ র্যাবের মেজর নাঈম আহমেদ জানান, কালীগঞ্জের কাঠালবাগান গ্রামে মাদক ক্রয়-বিক্রয় হচ্ছে এমন সংবাদের ভিত্তিতে আজ বুধবার ভোররাতে অভিযান চালায় ঝিনাইদহ র্যাব। র্যাবের উপস্থিতি টের পেয়ে অন্যরা পালিয়ে গেলেও ঘটনাস্থল থেকে আটক করা হয় ওই গ্রামের বাদশা সোলায়মানকে। পরে তার কাছ থেকে উদ্ধার করা হয় ১ হাজার ১২ বোতল ফেন্সিডিল।

এ ঘটনায় র্যাবের পক্ষ থেকে মাদক আইনে মামলা দায়ের করে আসামীকে কালীগঞ্জ থানায় সোপর্দ করা হয়েছে।

ঝিনাইদহ থেকে সাবেক অতিরিক্ত

অ্যাটর্নি জেনারেলসহ ৫ জন আটক

ঝিনাইদহ হয়ে ভারতে পালানোর সময় সাবেক অতিরিক্ত অ্যাটর্নি জেনারেলসহ ৫ জনকে আটক করেছে পুলিশ।

আটককৃতরা হলেন, সুপ্রিম কোর্টের সাবেক অতিরিক্ত অ্যাটর্নি জেনারেল ব্যারিস্টার মো: মেহেদী হাসান চৌধুরী (৫৪), গাজীপুর মহানগর আওয়ামী লীগের উপদেষ্টা মন্ডলীর সদস্য, ভাওয়াল বদ্রে আলম সরকারী কলেজ ছাত্র লীগের সাবেক সহসভাপতি ও মেট্রো চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রির পরিচালক রিয়াজ মাহমুদ আয়নাল (৫৩), তার চাচা শশুর গাজীপুর জয়দেবপুরের মুদি দোকানদার সানোয়ার হোসেন (৫৪), মানিকগঞ্জ জেলা যুব লীগের সদস্য, মাদকদ্রব্য নিরাময় কেন্দ্রের প্রষ্ঠিাতা ও বিশিষ্ট ঠিকাদার সৌমিত্র সরকার ওরফে মনা
(৪৬) ও প্রাইভেট চালক ধামরাইয়ের রুবেল দেওয়ান (৩৮)।

গতকাল মঙ্গলবার দুপুরের দিকে ঝিনাইদহ শহরের কেন্দ্রীয় বাস টার্মিনাল থেকে পুলিশ তাদেরকে আটক করে। পুলিশ তাদের সম্পর্কে যাচাই বাছাই শেষে নিশ্চিত হয়ে রাত ৯টার পরে আটকের খবর জানায়।

আজ বুধবার (১১ সেপ্টেম্বর) দুপুরে তাদের মধ্যে প্রাইভেটকার চালক বাদে ৪জনকে ঝিনাইদহ আদালতে সোপর্দ্দ করা হয়েছে।

জানা গেছে, আটককৃত ব্যক্তিরা ঝিনাইদহের মহেশপুর সীমান্ত দিয়ে ভারতে পালানোর উদ্যেশ্যে একটি ভাড়াকরা প্রাইভেটকারযোগে ঢাকা থেকে রওনা দেন। তারা সীমান্তের ‘ধুড়’ পাচার চক্রের সদস্য জনৈক আকরাম হোসেনের সাথে যোগাযোগ করেন। আকরাম হোসেনের সাথে তাদের ভারতে পৌঁছে দেয়ার চুক্তি হয়।

ঝিনাইদহ সদর থানার ওসি শাহীন উদ্দিন জানান, গোপন সংবাদে খবর পেয়ে মঙ্গলবার বেলা দেড়টার দিকে ট্রাফিক ইন্সপেক্টর মশিউর রহমান শহরের কেন্দ্রীয় বাস টার্মিনাল এলাকায় চেকপোষ্ট বসিয়ে একটি প্রাইভেট কার থেকে সাবেক অ্যাটর্নি জেনারেল ব্যারিস্টার মেহেদী হাসান চৌধুরী, গাজীপুর মহানগর আওয়ামী লীগের উপদেষ্টা মন্ডলীর সদস্য রিয়াজ মাহমুদ আইনাল, সরোয়ার হোসেন, মানিকগঞ্জের সৌমিত্র সরকার ও প্রাইভেট চালক ধামরাইয়ের রুবলে দেওয়ানসহ ৫ জনকে আটক করেন।

আটককৃতদের মধ্যে সাবেক অ্যাটর্নি জেনারেল ব্যারিস্টার মেহেদী

হাসান চৌধুরীর নামে ঢাকা আদাবর থানায় একটি হত্যা মামলাসহ দু’টি মামলা রয়েছে। তাদের মধ্যে প্রাইভেটকার চালক বাদে ৪ জনকে ঝিনাইদহ আদালতে সোপর্দ্দ করা হয়েছে।

ঝিনাইদহে নাশকতা মামলায় স্বেচ্ছাসেবক লীগ নেতা গ্রেফতার

ঝিনাইদহ জেলা বিএনপির দলীয় কার্যালয়ে অগ্নিসংযোগ মামলায় উপজেলা স্বেচ্ছাসেবক লীগ নেতা রেজাউল করিম কে গ্রেফতার করেছে র্যাব।

আজ মঙ্গলবার (১০ সেপ্টেম্বর) ভোরে সদর উপজেলার মহিষাকুন্ডু এলাকা থেকে তাকে আটক করা হয়। গ্রেপ্তারকৃত রেজাউল করিম ঝিনাইদহ সদর উপজেলার ধোপাবিলা গ্রামের আমজাদ হোসেনের ছেলে। এ ছাড়াও সাবেক ইউপি চেয়ারম্যান ও আওয়ামী লীগ নেতা আশরাফুল আলম এর ছোট ভাই।

ঝিনাইদহ র্যাবের মেজর নাঈম আহমেদ জানান, নাশকতা মামলার আসামী রেজাউল মহিষাকুন্ডু এলাকায় অবস্থান করছে এমন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করা হয়। দুপুরে তাকে ঝিনাইদহ সদর থানায় সোপর্দ করা হয়। রেজাউল করিমের বিরুদ্ধে দীর্ঘদিন ধরে এলাকায় সন্ত্রাসী কর্মকান্ড, সরকারি চাকুরী দেওয়ার কথা বলে মানুষের সাথে প্রতারনা করাসহ বহু অভিযোগ ও মামলা রয়েছে বলেও জানায় র্যাব।

মহেশপুরে দখলকৃত খাল পুনরুদ্ধার ও খননের দাবীতে কৃষকদের মানববন্ধন

ঝিনাইদহের মহেশপুরে দখল হওয়া পুনরুদ্ধার করে খননের দাবীতে মানববন্ধন কর্মসূচী পালিত হয়েছে। আজ মঙ্গলবার সকালে উপজেলার গজারিয়া গ্রামের মাঠে এ কর্মসূচীর আয়োজন করে দুর্গাপুর বেগমপুরের কৃষক, মৎস্যজীবী ও এলাকাবাসী। এতে ব্যানার ফেস্টুন নিয়ে দুর্গাপুর-বেগমপুরসহ আশপাশের ৫ টি গ্রামের কয়েক’শ মানুষ অংশ নেয়।

কর্মসূচীতে স্থানীয় বাসিন্দা জাহিদ হোসেন, সাজেদুল ইসলাম, সিরাজুল ইসলাম, আব্দুল মালেক, লাল মোহাম্মদ অন্যান্যরা বক্তব্য রাখেন।

বক্তারা অভিযোগ করে বলেন, গ্রামের মাঠের পদ্মবিল খালটি দীর্ঘদিন ধরে প্রভাবশালী মহল দখল করে আছে। দখলের কারণে খালের পানি প্রবাহ বন্ধ থাকায় ফসল আবাদে সমস্যার সম্মুখিন হচ্ছে তারা। তাই দ্রুত দখল হওয়া খাল উদ্ধার করে পুন খননের দাবী জানান তারা।